গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-শাঃ৪/১জি-৪/২০০৪/২৩২

২৭/০১/১৪১১ বাং
তারিখ ঃ ----------------
১০/০৫/২০০৪ ইং

প্রেরক ঃ বিকাশ চন্দ্র সাহা
উপ-সচিব

প্রাপক ঃ মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

বিষয় ঃ ২০০৩-২০০৪ অর্থ বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদির সরকারী অংশ প্রদান প্রসংগে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদসংগে সংযুক্ত তালিকায় বর্ণিত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং মাদ্রাসাসমূহের স্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করছে ঃ-

**শর্তাবলী** ঃ

১। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংক হিসাব খুলতে হবে।

২। প্রচলিত স্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করতে হবে। কোন পদ শুন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পুরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে। তাছাড়া এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রমোট প্রকল্পের অধীনে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষিকাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

৩। ২০০৩-২০০৪ অর্থ বছরে এমপিও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ (এক) বছরের জন্য এম.পি.ও ভূক্ত করা হবে।

৪। ২৪ শে অক্টোবর '৯৫ তারিখে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এম.পি.ও ভূক্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

৫। ২০০৩-২০০৪ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারিদের এম.পি.ও প্রণয়নের জন্য সংযুক্ত নির্দেশিকা (সংযুক্ত-১) অনুযায়ী কাগজপত্রের মূল কপি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবরে ২০/৫/০৪ ইং তারিখের মধ্যে অবশ্যই পৌছাতে হবে। অন্যথায় এম.পি.ও ভূক্তির প্রদত্ত আদেশ বাতিল বলে গণ্য হবে।

৬। যথাযথ স্বীকৃতি না থাকলে এম.পি.ও ভূক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।

৭। ২০০৩-২০০৪ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এম.পি.ও ভূক্তির সরকারি আদেশ ০১/০৫/০৪ থেকে কার্যকর হবে।

৮। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ২০০৩-২০০৪ অর্থ বছরে ২৫৪০-০০১৩-নতুন স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান-৫৯৩১ বেসরকারি শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

(বিকাশ চন্দ্র সাহা)
উপ-সচিব
ফোন ঃ ৭১৬৫০২৩